# এনফোর্সমেন্ট বুলেটিন

(মে ২০২৫)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. মোঃ কামরুজ্জামান**, এনডিসি
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**

**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**মোঃ আঃ সালাম সরকার**
উপপরিচালক

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**মোঃ রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**

জুন ২০২৫

**প্রকাশক**

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, ফেসবুক: facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় মে/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মে/২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২১৭টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৬৩৫ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৭২,৯২,৯০০/- (বাহাত্তর লক্ষ বিরানব্বই হাজার নয়শত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৩৪৪৮২.৯৩৫ কেজি পলিথিন ও ২৯৬টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২০৯ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৩,২৫,৬১,৮৯০/- (তিন কোটি পঁচিশ লক্ষ একষট্টি হাজার আটশত নব্বই ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ০৮ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সৈয়দ ফরহাদ হোসেন**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় মে/২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মে/২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | মে/২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধ মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | মে/২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

# পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় এপ্রিল ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

মে ২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২০৯ (দুইশত নয়) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৩,২৫,৬১,৮৯০/- (তিন কোটি পঁচিশ লক্ষ একষট্টি হাজার আটশত নব্বই) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ১,৮৭,৮২,৬১৩/- (এক কোটি সাতাশি লক্ষ বিরাশি হাজার ছয়শত তের) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

# মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মে ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম:










মে/২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক
বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণি পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**৪ মে ২০২৫** তারিখে ঢাকা মহানগরের মানিকমিয়া এভিনিউ, শেরে বাংলানগর এলাকায় কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যেমে ৩০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৪ টি গাড়ি চালককে সর্তক করা হয়। শব্দদূষণ করার দায়ে মিরপুর-২, কেরানীগঞ্জ ও ভোলা জেলার বিভিন্ন এলাকায় এলাকায় ৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যেমে ২৩ হাজার ২ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।

**৫ মে ২০২৫** তারিখে যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে ঢাকা মহানগরের মানিকমিয়া এভিনিউ, শেরে বাংলানগর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যেমে ২৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে সাভার এলাকায় ১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৮টি মামলার মাধ্যেমে ৯ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণ করার দায়ে শ্যামপুর, কদমতলী এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যেমে ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

**৬ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে প্রিমিয়ার সিমেন্টকে ৪০০০০০ টাকা, এস বি এফ ব্রিকসকে ৫০০০০০ টাকা, এ বি সিদ্দিক পলিমার ইন্ডা ১০০০০০ টাকা, ফাহিম ব্রিকস ৩৭৫০০০ টাকা, আলম এন্ড সন্স ব্রিকস ২৫০০০০ টাকা, প্যারাগন এগ্রো ৫০০০০ টাকা, ডা. মাহবুব জেনা. হাস. ৩০০০০ টাকা, মর্ডান সেবা ডিজিটাল ডায়া: ২৫০০০ টাকা, আশা নিটিং ইন্ডা ৩০০০০ টাকা, এস এস বি ব্রিকস ২৫০০০০ টাকা, হোসেন ডাইং এন্ড প্রিন্টিং কে ৫৫৮০০০ টাকা, ফাইম ব্রিকসকে ৩৭৫০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। শব্দদূষণ করার দায়ে মতিঝিল এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৮টি মামলার মাধ্যেমে ১১,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ করার দায়ে মোহাম্মদপুর এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭টি মামলার মাধ্যেমে ৫২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে রংপুর জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ৪৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮৪ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ ও যশোর জেলায় ৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি মামলার মাধ্যমে ৩ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। উক্ত অভিযানগুলোর মাধ্যমে ৩টি ইটভাটার চিমনী ও কাঁচা ইট ভেঙ্গে গুড়িয়ে দেওয়া হয়।





**০৭ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে বাড্ডা এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যেমে ২৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে গাজীপুর ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩টি মামলার মাধ্যমে ১৫,০০০ (পনের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৪০ কেজি পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে খিলক্ষেত এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যেমে ৩৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৫ টি গাড়ি চালককে সর্তক করা হয়। পুকুর ভরাটের বিরুদ্ধে চাঁদপুর জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পুকুর পুনঃখননের জন্য নির্দেশনা দেয়া হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন্য ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।




**০৮ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে প্রতিক সিরামিকস লি: কে ৪৬৮৪৮০ টাকা, চাঁদনী টেক্সটাইল মিলস লি: কে ৫০০০০ টাকা, আমির ডায়াগনস্টিক সেন্টারকে ২৫০০০ টাকা, অ্যারণ লেদার ৩০০০০০ টাকা, মারহাবা মেডিকেলকে ৩০০০০ টাকা, ইমপ্রেস প্রিন্টিং-কে ৩০০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে। বাংলামটর এবং যাত্রাবাড়ী এলাকায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যেমে ৬০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ইস্কাটন এবং ধামরাই এলাকায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩টি মামলার মাধ্যেমে ১৩,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে টেকনিক্যাল এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যেমে ৩১,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণকারী কারখানার বিরুদ্ধে কেরাণীগঞ্জ এলাকায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যেমে ০২ (দুই) টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্নকরণসহ কারখানা দুটি সিলগালা করা হয়।




**১২ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে এসতে মেডিকেল বাংলাদেশ লি: কে ২৫০০০ টাকা, রোগ মুক্তি ডায়া. সেন্টারকে ৩০০০০ টাকা, ঝিলিক ডাইং কে ৬৭৩৭৫ টাকা, আরিয়ান হাসপাতাল এন্ড ডিজিটাল ল্যাবকে ৩০০০০ টাকা, মুক্তাগাছা সোলারটেক  কে ৬০০০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণ করার দায়ে লালবাগ এবং দারুস সালাম, নারায়ণগঞ্জ জেলায় এলাকায় ৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬টি মামলার মাধ্যেমে ৩ লক্ষ ২৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে শাহবাগ এলাকায় ১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যেমে ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে রমনা ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি মামলার মাধ্যেমে ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে বগুড়া জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি মামলার মাধ্যমে ২,২০,০০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৬৯৯ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে জামালপুর ও মানিকগঞ্জ জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি মামলার মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। উক্ত অভিযানগুলোর মাধ্যমে ২ টি ইটভাটার চিমনী ও কাচাঁ ইট ভেঙ্গে গুড়িয়ে দেওয়া হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**১২ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে এসতে মেডিকেল বাংলাদেশ লি: কে ২৫০০০ টাকা, রোগ মুক্তি ডায়া. সেন্টারকে ৩০০০০ টাকা, ঝিলিক ডাইং কে ৬৭৩৭৫ টাকা, আরিয়ান হাসপাতাল এন্ড ডিজিটাল ল্যাবকে ৩০০০০ টাকা, মুক্তাগাছা সোলারটেক কে ৬০০০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণ করার দায়ে লালবাগ এবং দারুস সালাম, নারায়ণগঞ্জ জেলায় এলাকায় ৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬টি মামলার মাধ্যেমে ৩ লক্ষ ২৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে শাহবাগ এলাকায় ১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যেমে ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে রমনা ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি মামলার মাধ্যেমে ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে বগুড়া জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি মামলার মাধ্যমে ২,২০,০০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৬৯৯ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে জামালপুর ও মানিকগঞ্জ জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি মামলার মাধ্যমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। উক্ত অভিযানগুলোর মাধ্যমে ২ টি ইটভাটার চিমনী ও কাঁচা ইট ভেঙ্গে গুড়িয়ে দেওয়া হয়।





**১৩ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে মেসার্স হাবিবুর চাউল কলকে ৩৫০০০ টাকা, হাসান ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টারকে ২০০০০ টাকা, সাগর কটন মিলকে ১০০০০ টাকা, ফাতেমা চক্ষু হাসপাতালকে ৩০০০০ টাকা, শেরপুর চক্ষু হাসপাতাল এন্ড ফ্যাকো সেন্টারকে ৩৫০০০ টাকা, দ্য গ্র্যান্ড দাদু বাড়ি রিসোর্ট এন্ড পার্ককে ৬০০০০০ টাকা, জিইউকে হসপিটালকে ৩০০০০ টাকা, সমতা ডায়াগনস্টিক সেন্টারকে ২৫০০০ আল বারাকা হাসপাতালকে ৩০০০০ টাকা, জনতা ডায়াগনস্টিজক এন্ড কনসালটেশন সেন্টারকে ২৫০০০ টাকা, উম্মি এন্টারপ্রাইজকে ২০০০০ টাকা, জনসেবা মেডিকেল সেন্টারকে ২০০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণ করার দায়ে খিলগাঁও এবং গুলশান এলাকায় ২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যেমে ৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে বান্দরবান জেলায় ১টি মামলার মাধ্যেমে ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে টেকনিক্যাল এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৮টি মামলার মাধ্যেমে ২৭,৯০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। গাজীপুর জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৭৩৮ কেজি পলিথিন জব্দ করা হয়।

শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬-এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৪ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে কেয়ার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, নেত্রকোণা ২৫০০০ টাকা, অপসোনিন ফার্মা লি: ৯৮১০০ টাকা, গ্লোবাল ক্যাপসিউলস লি. ১১৭৭২০ টাকা, মেডিপ্যাথ মেডিকেল এন্ড ডা. সেন্টার ১০০০০ টাকা, চয়নিকা হসপিটাল এন্ড ডায়া. সেন্টার ৫০০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণ করার দায়ে নারায়ণগঞ্জ জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যেমে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে গাইবান্ধা ও চাঁদপুর জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৯টি মামলার মাধ্যেমে ১৬,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে গাবতলী এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যেমে ২১,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে ভোলা জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩টি মামলার মাধ্যমে ১১,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২৯ কেজি পলিথিন জব্দ করা হয়।





**১৫ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে আদাবর, মোহাম্মদপুর এবং ঝালকাঠি জেলায় ৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩টি মামলার মাধ্যেমে ২২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ফরিদপুর জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যমে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে মিরপুর-১ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি মামলার মাধ্যেমে ১১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে গাজীপুর জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা ০৯টি মামলার মাধ্যমে ৩৫ কেজি পলিথিন জব্দ করা হয়।






**১৭ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে মানিকগঞ্জ ৩টি প্রতিষ্ঠানের ৬টি কাঠ পোড়ানোর চুল্লি ধ্বংস করে সকল কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে মাদারীপুর এবং নোয়াখালী জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যমে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১টি ইটভাটা চিমনীসহ ভেঙ্গে গুড়িয়ে দেয়া হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে শ্যামলী এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি যানবাহনের চালককে ০৫টি মামলার মাধ্যেমে ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে খিলক্ষেত, শরীয়তপুর এবং ভোলা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় সমগ্র দেশে মোট ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি মামলার মাধ্যমে ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৬০৬ কেজি (প্রায়) পলিথিন, রোল ও পলিথিন উৎপাদনকারী যন্ত্রপাতি জব্দ করা হয় ও ২টি কারখানায় তালা মেরে বন্ধ করে দেওয়া হয়। বায়ুদূষণকারী অবৈধ ০১টি সীসা/ব্যাটারী কারখানার বিরুদ্ধে আশুলিয়া এলাকায় এম এইচ এন্টারপ্রাইজ নামক কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সকল কার্যক্রম বন্ধ করে দেয়া হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।





**১৮ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নুরজাহান অটো রাইস মিলকে ৩৫০০০ টাকা, বায়ো এগ্রো লি. কে ২০০০০ টাকা, আল হেরা সিদ্দিকীয়া ডায়া. সেন্টারকে ২৫০০০ টাকা, মিনান স্টীল মিল ৫০০০০ টাকা, শেফালী হেলথ কেয়ার ২০০০০ টাকা, দি ডিএনএ ল্যাবকে ৩০০০০ টাকা, ওয়াংশ টেক্সটাইল লিঃ-কে ৬৮৪০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। কাঠ পুড়িয়ে কয়লার উৎপাদনের মাধ্যমে এবং টায়ার পাইরোলাইসিস কারখানা দ্বারা বায়ু দূষণ করার দায়ে কদমতলী ও সাভার এলাকায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩ টি মামলার মাধ্যমে ১৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১টি প্রতিষ্ঠানের সেবা সংযোগ (বিদ্যুৎ) বিচ্ছিন্ন করা দেওয়া হয়। শব্দদূষণ করার দায়ে নওগাঁ জেলা ও খিলগাঁও এলাকায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি মামলার মাধ্যেমে ৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে ধানমন্ডি এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি যানবাহনের চালককে ০৫টি মামলার মাধ্যেমে ১০,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৯ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে নারায়ণগঞ্জ জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ২লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে শেরপুর ও পিরোজপুর জেলায় ৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৯টি মামলার মাধ্যেমে ১০হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে মানিকমিয়া এভিনিউ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭টি যানবাহনের চালককে ০৭টি মামলার মাধ্যেমে ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় চুয়াডাঙ্গা ও সিরাজগঞ্জ জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি প্রতিষ্ঠান হতে মোট ৭৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০০৭০ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে জামালপুর ও রংপুর জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩টি মামলার মাধ্যমে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। উক্ত অভিযানগুলোর মাধ্যমে ৩ টি ইটভাটার চিমনী ও কাচাঁ ইট ভেঙ্গে গুড়িয়ে দেওয়াসহ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহণ বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।




**১৯ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে নারায়ণগঞ্জ জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ২লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে শেরপুর ও পিরোজপুর জেলায় ৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৯টি মামলার মাধ্যেমে ১০হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে মানিকমিয়া এভিনিউ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭টি যানবাহনের চালককে ০৭টি মামলার মাধ্যেমে ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় চুয়াডাঙ্গা ও সিরাজগঞ্জ জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪টি প্রতিষ্ঠান হতে মোট ৭৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০০৭০ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে জামালপুর ও রংপুর জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩টি মামলার মাধ্যমে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। উক্ত অভিযানগুলোর মাধ্যমে ৩ টি ইটভাটার চিমনী ও কাচাঁ ইট ভেঙ্গে গুড়িয়ে দেওয়াসহ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।




**২০ মে ২০২৫** তারিখে যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে শ্যামলী এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭টি যানবাহনের চালককে ০৭টি মামলার মাধ্যেমে ১৫,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ঢাকা ও পিরোজপুর জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭টি মামলার মাধ্যমে মোট ২৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২৪৮ কেজি পলিথিন জব্দ করা হয়।





**২১ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে শ্যামপুর-কদমতলী এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২ টি মামলার মাধ্যমে ১৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে মিরপুর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭টি যানবাহনের চালককে ০৭টি মামলার মাধ্যেমে ২৫,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে সুনামগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১১টি মামলার মাধ্যেমে ২১,০০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে মানিকগঞ্জ জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যমে ৩লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। উক্ত অভিযানগুলোর মাধ্যমে ২ টি ইটভাটার চিমনী ও কাচাঁ ইট ভেঙ্গে গুড়িয়ে দেওয়াসহ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয় এবং ১টি ইটভাটার কালো মেশিন জব্দ করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**২২ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে এমসি ওয়াশিং এন্ড ডাইং-কে ৫০০০০ টাকা, মেসার্স কোহিনূর ডেইরি এণ্ড কেয়ার, ৩০০০০ টাকা, হেলথ কেয়ার সেন্টার ৩০০০০ টাকা, দিনা আশরাফ অটো রাইস মিল ২০০০০০ টাকা, মেসার্স রজনী অটোমেটিক রাইস মিল ৩০০০০০ টাকা, কেয়ার এন্ড কিউর ডায়া. এন্ড কনসালটেশন ২০০০০ টাকা, ডংজিন টেকনোলজী কোং ওপিসি ৫০০০০ টাকা, এম কে ইস্টিচিং ওয়্যার ইন্ডা. ৩০০০০ টাকা, ডায়নামিক পাইরোলাইসিস ইন্ডা. (প্রা.). লি. ২০০০০০ টাকা, কেয়ার প্লাস ডায়া. এন্ড ডক্টরস চেম্বার ৮০৪৪২ টাকা, কদমতলী ডাইং-কে ৬৮৮০০ ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণ করার দায়ে শেরে বাংলানগর এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় মাগুরা ও ফেনী ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬টি মামলার মাধ্যমে মোট ৮১,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭৩০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**২৪ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে এম এস বি ব্রিকস (সস্তী এন্টারপ্রাইজ) ২৫০০০০ টাকা, চাঁদনী টেক্সটাইল মিলস ৪৮০০০০ টাকা, সায়েম ডায়া. কমপেক্স এন্ড হসপিটাল ২০০০০ টাকা, এশিয়া ফ্লাওয়ার মিল, ২৫০০০ টাকা, হ্যাপি লাইফ ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ৪০০০০ টাকা, রিয়া অটো রাইস রাইস মিল ১০০০০০ টাকা, শাহরিয়ার স্টীল মিল. ৪০০০০০ টাকা, মাল্টিলাইন নাটোর লি ৩৫০০০ টাকা, আল-খিদমাহ হাসপাতাল ২৫০০০ টাকা, এভারকেয়ার স্পেশালাইজড হসপিটাল ৬০০০০পিপিপি ৩৭৫০ টাকা, সিবা টেক্সটাইল প্রসেসিং লি. কে ৯১১২৫ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়দূষণ করার দায়ে গাজীপুর জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ১লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ফরিদপুর জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যমে মোট ২হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭২ কেজি পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে মিরপুর-১ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬টি মামলার মাধ্যেমে ১২হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে মানিকগঞ্জ ও ফরিদপুর জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮টি মামলার মাধ্যেমে ৮হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় ।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**২৫ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে সিদ্ধেশ্বরী এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় নারায়ণগঞ্জ জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩টি মামলার মাধ্যমে মোট ৫০হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩৫০ কেজি পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে শনির আখড়া এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি যানবাহনের চালককে ০৫টি মামলার মাধ্যেমে ১২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে পিরোজপুর ও পঞ্চগড় জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬টি মামলার মাধ্যেমে ৪,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে চট্টগ্রাম জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যমে ২লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**২৬ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে শ্রীরামপুর স্কয়ার হাসপাতাল ৩০০০০ টাকা, সোনারগাঁও ফেন্সি প্রিন্টিং এন্ড ডাইং ৪২১২০০ টাকা, থাইরো কেয়ার বাংলাদেশ লি: ৫০৫২৮ টাকা, এ আর ওয়েট প্রসেসিং ৫৪০৫৪০ টাকা, সাফাত ব্যাটারি এন্ড ইন্ডা. ৫৪৭২০ টাকা, ইদ ওয়েসিটন ৫৪০০০০ টাকা, শিকদার ইন্ডা.-কে ৫০০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণ করার দায়ে আদাবর ও পীরেরবাগ এলাকায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৯টি মামলার মাধ্যমে ৬৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি ঠিকাদার প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় গুলশান-১ এলাকা এবং গাজীপুর জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৯টি মামলার মাধ্যমে মোট ২হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ মোট ১৬৮৭ কেজি (প্রায়) পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মাত্রাতিক্ত কালোধোঁয়া নির্গমনের বিরুদ্ধে গাবতলী এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬টি মামলার মাধ্যেমে ৩৯,৭০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে ঝিনাইদহ ও মেহেরপুর জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৪টি মামলার মাধ্যেমে ১৪,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৮ হর্ণ জব্দ করা হয়। কঠিন বর্জ্য দ্বারা পরিবেশ দূষণ করার দায়ে গোপালগঞ্জ জেলায় ২টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৪টি মামলার মাধ্যমে ৮০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ময়মনসিংহ জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যমে ২টি ইটভাটার চিমনীসহ ভেঙে গুড়িয়ে দেয়াসহ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সকল কার্যক্রম বন্ধ করে দেয়া হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।




**২৭ মে ২০২৫** তারিখে বায়ুদূষণ করার দায়ে ধানমন্ডি এলাকায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যমে ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় শেরপুর, সুনামগঞ্জ, ঝিনাইদহ, খুলনা এবং ফরিদপুর ৫টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬টি মামলার মাধ্যমে মোট ৩২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ মোট ৩৬৫৭ কেজি (প্রায়) পলিথিন জব্দ করা হয়। ওয়ারী এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬টি মামলার মাধ্যেমে ১৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দদূষণ করার দায়ে নারায়ণগঞ্জ, বগুড়া, খুলনা এবং চাঁপাইনবাবগঞ্জ জেলায় ৫টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৬টি মামলার মাধ্যেমে ৩২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করাসহ ৩৫ হর্ণ জব্দ করা হয়। কঠিন বর্জ্য দ্বারা পরিবেশ দূষণ করার দায়ে কামরাঙ্গীরচর এলাকায় ১টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১ টি মামলার মাধ্যমে ১ জনকে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড দেয়া হয়।




**২৮ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ইউনাইটেড ইলেকট্রিক্যালকে ৩০০০০ টাকা, ইওএস টেক্সটাইল মিলস লি. ১০৪০০০০ টাকা, ভূঞা মেডিক্যাল সেন্টার ২০০০০ টাকা, রাজা মেটাল ৩৯৭৫০ টাকা, শামসুর হক মেমোরিয়াল হসপিটাল ৩০০০০ টাকা, মেডিপ্লাস স্পেশালাইজড হেলথ সেন্টার ২৫০০০ টাকা, নূরানী ডাইং-কে ২০৭০৬০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় সাভার, নওগাঁ ও গাজীপুর জেলায় ৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৯টি মামলার মাধ্যমে মোট ৬৫,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ মোট ১১৯৩ কেজি (প্রায়) পলিথিন জব্দ করা হয়। শব্দদূষণ করার দায়ে শরীয়তপুর এবং নওগাঁ জেলায় ২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫টি মামলার মাধ্যেমে ২,৫০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করাসহ ৬ হর্ণ জব্দ করা হয়।




**২৯ মে ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে তালুকদার ওয়াশিং প্লান্ট ৩০০০০০ টাকা, জেকে ওয়াশ (ইউনিট-২)-কে ২০০০০০ টাকা, রিলায়েন্স ল্যাবসকে ২৫০০০ টাকা, ক্ষতিপূরণ ধার্য করা হয়। শ্যামপুর-কদমতলী এলাকায় ১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ছাড়পত্রবিহীন ১টি অবৈধ প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটাভাটার বিরুদ্ধে ময়মনসিংহ জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২টি মামলার মাধ্যমে মোট ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২টি ইটভাটার চিমনীসহ ভেঙ্গে গুড়িয়ে দেয়া হয়। পাহাড় কর্তনের দায়ে বান্দরবান জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১টি মামলার মাধ্যেমে ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে



নিরপেক্ষ

# ভোলায় ৬ মন নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ জব্দ ও অর্থদন্ড

সর্বস্বত্ব সংরক্ষিত © দৈনিক নিরপেক্ষ



# বোয়ালমারীতে কয়লার কারখানায় জরিমানা

## নারায়ণগঞ্জে শব্দ দূষণবিরোধী অভিযান: ৫ যানবাহনকে জরিমানা, হর্ণ জব্দ



## দূষণের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের মোবাইল কোর্ট অভিযান : জরিমানা ও সংযোগ বিচ্ছিন্ন



অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে



ময়লা ফেলে পরিত্যক্ত জায়গা দেখিয়ে পুকুর ভরাট, ১০ জনকে আসামি করে মামলা



জাতীয় দৈনিক

নববাণী

DAILY NABABANI

সিরাজগঞ্জে ১০ টন নিষিদ্ধ পলিথিন জব্দ: পরিবেশ রক্ষায় মোবাইল কোর্টের দৃঢ় অবস্থান

ময়মনসিংহের ভালুকায় জমি দখলের উদ্দেশ্যে হামলা ও ভাঙচুরের অভিযোগ



যুগের চিন্তা

রূপগঞ্জে নির্মাণাধীন প্রতিষ্ঠানকে দুই লাখ টাকা জরিমানা



সুনামগঞ্জে ১৭ মন পলিথিনের ব্যাগ জব্দ

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়